



বাড়ির পাশেই ছোট্ট মেলা বসেছে। তিনি মা বাবার হাত ধরে মেলায় ঘুরতে গেছে। মা তার হাত টা শক্ত করে ধরে রেখেছে। তিনি শুধু মা বাবাকে জিগ্যেস করছে “আর কি কি দেখার আছে মা, নতুন কি কি এসেছে মেলায়? আমাকে বল না” !

মা বলল “ বাঁ দিকে নাগরদোলা, তার পাশে দোলনা, আর তার পাশেই দোকান শুরু হয়েছে, এক বছর আগে যেখান থেকে তোমাকে চুরি কিনে দিয়েছিলাম ঠিক তেমন হয়েছে এবারও, পাঁপড় ভাজার দোকান বসেছে আর আইস ক্রিমের দোকানও ,খাবে তুমি?” তিনি বলল “ না মা আমি খাবো না ,আমি আর একটু ঘুরবো” । মা হাত ধরে ঘোরায় তিনিকে। বাবা তিনিকে বলে “ঐ দ্যাখ মা কতো রঙিন বেলুন ,বল বল শিগগির কোন রঙটা নিবি তুই” ? বলেই যেন একটু থমকে দাঁড়িয়ে যায়, তিনির মা তিনির বাবার দিকে নিরবে তাকিয়ে থাকে!

তিনি বলে ওঠে “ কি কি রঙ আছে বাবা” ? বাবা চোখের কোণের জলটা মুছে নিয়ে বলে “লাল আছে, হলুদ, সবুজ, নিল, কমলা, গোলাপি, সাদা ; এবার বল তুই কোনটা নিবি “?

তিনি বলল “ যে কোন একটা রঙ কিনে দাও বাবা, আমি তো চোখে দেখতে পাইনা , আমার কাছে লাল রঙও যা নীল সাদাও তাই, সবই আঁধার “!

বাবা একটা দীর্ঘশ্বাস ফেলে কমলা রঙের বেলুন কিনে দিয়ে বলল “ না তিনি সব রঙ মোটেও আঁধার নয়, সবই রঙিন বেলুন , এই নে ধর, আমি তোর জন্য কমলা বেলুন কিনেছি” ।

তিনি বেলুন টা হাতে নিয়ে খুশী হয়ে হাসে।

তিনি মা বাবা অনেকদিন পর একটু শান্তি পায় মেয়ের মুখে এই হাসি দেখে।

গত বছর দীপাবলির দিন বাজি পটকা পোড়াতে গিয়ে তিনি চোখে লাগে, মারাত্মক ভাবে জখম হয়েছিল সে, তাতেই হারাল দৃষ্টি শক্তি, অনেক ডাক্তার দেখিয়েও কোন ফল হয়নি। তারপর থেকে বাবা মায়ের মুখে শুনেই মনের রঙে রঙ চেনে তিনি।

বেলুন নিয়ে মা বাবার হাত ধরে ধীরে ধীরে বাড়ির পথে এগোতে থাকে তিনি।

পেছন থেকে বেলুন ওয়ালার ডাক শুনে দাঁড়ায় তারা, " খুকী একটু দাড়াও" ।

ফিরে আসে বাবা মায়ের হাত ধরে তিনি।

বেলুন ওয়ালার একটা সবুজ বেলুন বাড়িয়ে দিয়ে তিনিকে বলে " এই নাও খুকী তোমাকে আমি সবুজ রঙের বেলুন দিলাম" ।

তিনি বাবা মানি ব্যাগ থেকে টাকা বের করে দিতে যাচ্ছিলো , বেলুন ওয়ালার বলল " না না টাকা আমি নিতে পারব না, এই খুকীকে দেখে আমার মেয়ের কথা মনে পড়ে গেল, সেও এই রকমই ছিল, দুদিনের জ্বরে মারা গেল, বাঁচাতে পারলাম না মেয়েটাকে, আমার মনের শান্তির জন্য এটা খুকীকে নিতে দিন" ।

তিনি বাবা আর কিছু বলল না , তিনি বলল " ভালো থেকে কাকু" ।

তিনি হাত ধরে বাবা মা খানিকটা পথ এগোল।

কিছুটা গিয়ে তিনি বাবা পেছন ফিরে একবার দেখল,

বেলুন ওয়ালার চোখের জল মুছে বেলুন এ ফুঁ দিচ্ছে...।।

তিনি তার মাবাবার সাথে কোথায় ঘুরতে বারিয়াছিল?

---

---

---

মেলাতে কি ধরনের জিনিস আছে?

---

---

---

মেলাতে কোন কোন রঙের বেলুন আছে?

---

---

---

তিনি কেন বললো " আমার কাছে লাল রংও যা নীল সাদাও তাই , সবই আধার । "

---

---

---

---

বাবা তিনীর জন্য কোন রঙের বেলুন কিনেছিলেন?

---

---

---

তিনি কিভাবে তার দৃষ্টি শক্তি হারিয়েছিল ?

---

---

---

বেলুন ওলা কেন বেলুন এর জন্য দাম রাখল না ?

---

---

বেলুনওয়ালার মায়েটি কিভাবে মারা গিয়েছিল ?

---

---

---

এ গল্পের মুখ্য চরিত্র কে ?

---

---

গল্পের প্রধান সমস্যা কি?

---

---

---